



বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
নিবন্ধন ও মূলধন শাখা
নন-লাইফ অনুবিভাগ
www.idra.org.bd

নং-৫৩.০৩.০০০০.০৫১.৪৯.০১৭.২২.০৩০

তারিখঃ ০৪ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়ঃ ইসলামী বীমা ব্যবসা পরিচালনার জন্য কোম্পানীর নাম পরিবর্তনের অনুমোদনের জন্য প্রয়োজনীয় দলিলাদির চেকলিস্ট।

ইসলামী বীমা ব্যবসা পরিচালনার জন্য কোম্পানীর নাম পরিবর্তনের অনুমোদনের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নিম্নবর্ণিত 'চেকলিস্ট' অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাদি//দলিলাদি/প্রমাণকসহ সম্পূর্ণ প্রস্তাব কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার জন্য নির্দেশনা জারি করা হলো:

ইসলামী বীমা ব্যবসা পরিচালনার জন্য কোম্পানীর নাম পরিবর্তনের অনুমোদনের জন্য প্রয়োজনীয় দলিলাদির চেকলিস্টঃ

ক্রমিক	বিবরণ	মন্তব্য
১.	ইসলামী বীমা ব্যবসা পরিচালনার নিমিত্ত কোম্পানির নাম পরিবর্তনের জন্য চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবর আবেদন	
২.	আবেদন এর সাথে কর্তৃপক্ষ হতে নির্ধারিত ফি এবং শুদ্ধ কর প্রদান (বীমা ব্যবসা নিবন্ধন ফি বিধিমালা, ২০১২ এর প্রবিধি-৩ (১) অনুযায়ী বীমাকারী কর্তৃক পরিচালিত প্রত্যেক শ্রেণী এবং উপশ্রেণীর জন্য নিবন্ধন ফি)	
৩.	আবেদনপত্রের সাথে নিম্নলিখিত দলিলাদি আবশ্যিকভাবে দাখিল করতে হবে ক. ইসলামী বীমা ব্যবসা পরিচালনার ক্ষেত্রে পরিচালনা পর্ষদের সভার সিদ্ধান্তের কপি খ. ইসলামী বীমা ব্যবসা পরিচালনার লক্ষ্যে সংঘস্মারক ও সংঘবিধির প্রয়োজনীয় সংশোধনী রেজিস্ট্রার অফ জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস (RJSC) এর প্রয়োজনীয় অনুমোদনসহ সংশোধিত সংঘবিধি ও সংঘস্মারকের প্রত্যায়িত কপি (Certified Copy) দাখিল। গ. যেসকল ইসলামী বীমা ব্যবসা পরিচালনা করা হবে তার তালিকা। ঘ. ইসলামী বীমা ব্যবসার ক্ষেত্রে যে মডেল ব্যবহার করা হবে তার বিস্তারিত তথ্য প্রেরণ। ঙ. শরীয়াহ্ কাউন্সিল গঠন বিষয়ক পরিচালনা পর্ষদের সভার অনুমোদন সংক্রান্ত সিদ্ধান্তের কপি। চ. ইসলামী বীমা ব্যবসা পরিচালনার জন্য Feasibility Report দাখিল। ছ. কোম্পানির বিশেষ সাধারণ সভার (EGM) অনুমোদিত কার্যবিবরণী প্রেরণ।	
৪.	কর্তৃপক্ষ হতে চাহিত অন্যান্য তথ্যাদি/দলিলাদি	

২.০ জারি করার তারিখ হতে এ নির্দেশনা কার্যকর হবে।


মোঃ সোলায়মান

উপ-পরিচালক (নন-লাইফ)
ফোনঃ ৪১০৫১৩৮১-৮৪

ইমেইলঃ ddnmex@idra.org.bd

বিতরণ (কার্যার্থে):

- ১। চেয়ারম্যান, সকল নন-লাইফ বীমা কোম্পানি।
- ২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল নন-লাইফ বীমা কোম্পানি।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। চেয়ারম্যান মহোদয়ের স্টাফ অফিসার, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
- ২। সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
- ৩। সকল শাখা প্রধান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
- ৪। নেটওয়ার্ক এডমিনিস্ট্রেটর, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধ সহ)।
- ৫। অফিস কপি।